


ভর্তির আবেদন (সর্বশেষ পর্যায়) সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

- ১। ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অন-লাইনে ভর্তি প্রক্রিয়ার এটি সর্বশেষ পর্যায়।
- ২। যে সব ভর্তিচ্ছু শিক্ষার্থী এখনও পর্যন্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানে অন-লাইনে আবেদন করেনি অথবা আবেদন করেও শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য মনোনীত হয়নি অথবা শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়নি- তাদেরকে অবশ্যই এই পর্যায়ে অন-লাইনে আবেদন করতে হবে। উল্লেখ্য যে অন-লাইন ভর্তি প্রক্রিয়ার বাহিরে ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তির কোন সুযোগ নেই।
- ৩। অনুচ্ছেদ ২-এ উল্লেখিত শিক্ষার্থীরা আগামী ১৩-০৮-২০১৭ তারিখ থেকে ১৭-০৮-২০১৭ তারিখ পর্যন্ত টেলিটকের মাধ্যমে আবেদন ফি ১৫০/- টাকা জমা দিয়ে সর্বনিম্ন ৭টি এবং সর্বোচ্চ ১০টি শিক্ষা প্রতিষ্ঠানে পছন্দক্রম দিয়ে আবেদন করতে পারবে। তবে পছন্দক্রম দেয়ার পূর্বে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সিফট/গ্রুপ/ভার্সন অনুযায়ী খালি আসন সংখ্যা দেখা নেয়ার পরামর্শ দেয়া যাচ্ছে।
- ৪। সর্বশেষ পর্যায়ের ভর্তির আবেদনের ফলাফল আগামী ১৯-০৮-২০১৭ তারিখে প্রকাশিত হবে
- ৫। শিক্ষার্থীদেরকে রেজিস্ট্রেশন ফি বাবদ ১৮৫/- টাকা (টেলিটক/শিওরক্যাশ/রকেট এর মাধ্যমে) ১৯-০৮-২০১৭ তারিখ থেকে ২২-০৮-২০১৭ তারিখ পর্যন্ত প্রদান এবং ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহ নির্বাচিত শিক্ষার্থীদেরকে ১৯-০৮-২০১৭ তারিখ থেকে ২২-০৮-২০১৭ তারিখের মধ্যে অন-লাইনে চূড়ান্ত নিশ্চায়ন সম্পন্ন করতে হবে।
- ৬। পলিটেকনিক ইন্সটিটিউটে ভর্তির জন্য যেসব শিক্ষার্থী মনোনীত হয়েছে কেবল তারা ভর্তির জন্য মনোনয়নের প্রামাণ্য কাগজপত্র ও মূল মার্কশীটের ফটোকপিসহ স্ব স্ব শিক্ষা বোর্ডে এসে ভর্তি বাতিল করতে পারবে।
- ৮। অনুচ্ছেদ ৬-এ বর্ণিত শিক্ষার্থী ব্যতীত যেসব শিক্ষার্থী অন-লাইনে আবেদন করে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির চূড়ান্ত কার্যক্রম সম্পন্ন করেছে- তাদের এ পর্যায়ে ভর্তি বাতিলের কোন সুযোগ নেই। সকল ভর্তি কার্যক্রম সম্পন্নের পর শিক্ষা বোর্ডসমূহ কর্তৃক ভর্তিকৃত শিক্ষার্থীদের অন-লাইনে রেজিস্ট্রেশন করা হবে এবং এ জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে শিক্ষার্থীদের ছবি, সিফট/গ্রুপ/ভার্সন অনুযায়ী বিষয় নির্বাচনসহ অন্যান্য তথ্য সংগ্রহে রাখার জন্য অনুরোধ করা হল।


(প্রফেসর মোঃ মাহাবুবুর রহমান)

সভাপতি

আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় সাব-কমিটি

ও

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।